দৈনিক ইত্তেফাক

তারিখ 02 DEC 1994
পৃষ্ঠা ১২ কলাম ৫

# ডিগ্রী পরীক্ষার ২য় দিনে শতাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার দ্বিতীয় দিনে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে শতাধিক ছাত্র-ছাত্রী বহিষ্কৃত হইয়াছে।

রাজশাহী অফিস জানায়, নিউ ডিগ্রী সরকারী কলেজ হইতে ৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কৃত হইয়াছে। গতকাল এই কলেজে সর্বমোট ৪৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৪৮ জন অংশগ্রহণ করে।

বগুড়া অফিস জানায়, বগুড়ার ৬টি কেন্দ্র হইতে ১৬ জন বহিষ্কৃত হইয়াছে। জেলার ১০টি পরীক্ষা কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২৫৭৬ জন। তাহার মধ্যে দ্বিতীয় দিনে ইংরেজী পরীক্ষায় কাহালু কেন্দ্রে ৮ জন, শিবগঞ্জ কেন্দ্রে ৫ জন এবং মহাস্থান কেন্দ্র হইতে ৩ জন বহিষ্কৃত হইয়াছে।

খুলনা অফিস জানায়, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে সুন্দরবন কলেজ কেন্দ্র হইতে ১ জন এবং দৌলতপুর দিবা নৈশ কলেজ কেন্দ্র হইতে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

রংপুর সংবাদদাতা জানান, জেলা ১০টি কেন্দ্র হইতে মোট ৪৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। কালীগঞ্জ সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষার প্রথম দিন (বুধবার) স্থানীয় কেন্দ্রে ৪ জন বহিষ্কৃত হয়।